# এস এস সি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা বিষয় কোড : ১৫৩

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট | সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান — ৬০

[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]

১.▶ জনাব কলিমুল্লাহ একজন বিশিষ্ট সাংবাদিক। তিনি একটি বই রচনা করার জন্য অতীতের বিভিন্ন সমাজের ধর্মীয়, রাজনৈতিক, অর্থনৈতিক বইপত্র সংগ্রহ করেন। এসব বইপত্র দেখে নিজের সমাজব্যবস্থা সম্পর্কিত একটি বই রচনা করেন। তিনি বিভিন্ন সভ্যতার কয়েকটি পুস্তকেরও সাহায্য গ্রহণ করেন। তিনি মনে করেন বইপত্র লেখার ক্ষেত্রে অতীতের বইগুলো তাকে দারুণভাবে সাহায্য করেছে।

ক. 'ইতিহাস হলো ঘটনার বৈজ্ঞানিক এবং ধারাবাহিক বর্ণনা'- কথাটি কে বলেছেন? ১

খ. 'হেরোডোটাসের নামের সাথে ইতিহাসের সম্পর্ক ঘনিষ্ঠ'- ব্যাখ্যা কর। ২

গ. জনাব কলিমুল্লাহ তার বই লেখার ক্ষেত্রে ইতিহাসের যে উপাদানের সাহায্য নিয়েছেন তার ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর, বই লেখার ক্ষেত্রে জনাব কলিমুল্লাহ ইতিহাসের অলিখিত কিছু উপাদানেরও সাহায্য নিতে পারতেন? ৪

২.▶ শিক্ষক সিকান্দার আলী দশম শ্রেণির পাঠদানকালে, 'সিন্ধু সভ্যতা কখন গড়ে উঠেছিল, কারা গড়ে তুলেছিল, সভ্যতার বিভিন্ন দিক কেমন ছিল-এসব জানতে অনেক সময় লেগেছে। হরপ্পা ও মহেঞ্জোদারো এ সভ্যতা দুটি নগরী।' একজন ছাত্র জিজ্ঞেস করল, স্যার এ নগর দুটির পরিকল্পনা কি খুব সুবিন্যস্ত ছিল? স্যার তারপর বললেন, এ নগর এত উন্নত ছিল যে, নগরীর ভিতর দিয়ে চলে গেছে পাকা রাস্তা। গোসল ও প্রয়োজনীয় কাজের জন্য প্রত্যেক বাড়িতে ছিল স্নানাগার। ময়লা পানি নিষ্কাশনের জন্য ছোট ছোট নর্দমা সংযুক্ত করা হতো মূল নর্দমা বা পয়ঃপ্রাণালির সাথে।

ক. সিন্ধু সভ্যতা প্রথম কত সালে আবিষ্কৃত হয়? ১

খ. সিন্ধু সভ্যতার সামাজিক অবস্থা কেমন ছিল? ২

গ. সিন্ধুর সমাজ ও ধর্ম পরবর্তীকালে ভারতীয় সমাজে কীভাবে প্রভাব বিস্তার করে তা সিকান্দার আলীর বক্তব্যের আলোকে আলোচনা কর। ৩

ঘ. 'সভ্যতার ইতিহাসে উদ্দীপকে আলোচিত সভ্যতা একটি পরিকল্পিত নগরীর ধারণা দিয়েছে।' পরিকল্পিত নগর প্রতিষ্ঠায় এ সভ্যতার অবদানের বিশেষ উল্লেখসহ উক্তিটির যথার্থতা বিচার কর। ৪

৩.▶ শিবলী এক বিদেশি পর্যটককে বাংলাদেশের বিভিন্ন এলাকা ঘুরিয়ে দেখাচ্ছিল। পর্যটক মন্তব্য করলেন, তোমাদের দেশের নদনদী, পাহাড়, বন-জঙ্গল দেখে আমি মুগ্ধ হলাম। শিবলী বলল, এই ভৌগোলিক পরিবেশ শুধু মুগ্ধই করে না, বাঙালিদের জীবনযাত্রার ওপর প্রভাবও রয়েছে।

Teachingbd.com

ক. বাংলাদেশের আবহাওয়া কেমন? ১
খ. বাংলাদেশের ভৌগোলিক অবস্থা বর্ণনা কর। ২
গ. বাংলার প্রাকৃতিক সৌন্দর্য কীভাবে মানুষকে মুগ্ধ করে? আলোচনা কর। ৩
ঘ. শিবলীর বক্তব্যের আলোকে এদেশের নদনদী জনজীবনে প্রভাব বিস্তার করে —যুক্তি দেখাও। ৪

৪.▶ মীম ও সেঁজুতি সহপাঠী। বাংলায় ইংরেজ শাসন প্রতিষ্ঠা নিয়ে তাদের মধ্যে তুমুল তর্ক হচ্ছে। মীমের মতে, ইংরেজদের কাছে বাংলার পরাজয় ছিল সিরাজউদ্দৌলার অদক্ষতার খেসারত। কিন্তু সেঁজুতি তার এ বক্তব্যকে সমর্থন করে না। সে মনে করে ভারতবর্ষে তৎকালীন রাজনীতিই ছিল এর জন্য দায়ী। আর প্রাসাদ ষড়যন্ত্র না হলে এমনটি ঘটত না। এমন সময় তাদের ইতিহাস শিক্ষক আবেদ স্যার তাদের মধ্যে উপস্থিত হন। তিনি বলেন, এ পরাজয়ে যে বা যারা দায়ী হোক না কেন এ পরাজয় বাংলার রাজনৈতিক ইতিহাসে গুরুত্বপূর্ণ পরিবর্তন এনেছিল।

ক. কত সালে পলাশীর যুদ্ধ সংঘটিত হয়েছিল? ১
খ. মীর কাসিম কেন ইংরেজদের সাথে যুদ্ধে জড়িয়ে পড়েছিল? ২
গ. আবেদ সাহেবের মন্তব্যের আলোকে সিরাজউদ্দৌলার পরাজয়ের ফলাফল ব্যাখ্যা কর। ৩
ঘ. মীম ও সেঁজুতির মধ্যে তুমি কাকে সমর্থন কর? তোমার সমর্থনের সপক্ষে যুক্তি দেখাও। ৪

৫.▶ রিফাত ও রিহান দুই বন্ধু। বিশ্ববিদ্যালয় থেকে পড়া শেষ করে তারা গ্রামে চলে আসে। দুজনেই খুব সচেতন ও আধুনিক মন-মানসিকতার ছেলে। রিফাত গ্রামে এসে ক্লাব গঠন, সহমরণ, সংস্কৃতি, কুসংস্কার নিয়ে কাজ করে। আর রিহান শিশু ও বড়দের শিক্ষা নিয়ে কাজ করে।

ক. আর্যদের ভাষার নাম কী? ১
খ. কীভাবে বাংলা ভাষার উৎপত্তি হয়? ২
গ. ইতিহাসের কোন ব্যক্তি দ্বারা রিফাতের কর্মকাণ্ড প্রভাবিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. রিহানের কাজের সঙ্গে সৈয়দ আমীর আলীর কোন ক্ষেত্রে সাদৃশ্য ও বৈসাদৃশ্য লক্ষ করা যায়? যুক্তি দাও। ৪


৬.▶ লিমা ও আবীর নব দম্পতি। তাদের নতুন সংসার সাজানোর জন্য জিনিস কিনতে বাজারে যায়। তারা বিভিন্ন দোকান ঘুরে ঘুরে দেখে এবং নামি দামি বিদেশি ইলেকট্রনিক্স কোম্পানির পণ্য না কিনে দেশি পণ্য ওয়ালটনের টিভি, ফ্রিজ, ইস্ত্রি ইত্যাদি কেনার সিদ্ধান্ত নেয়।

ক. বঙ্গভঙ্গের প্রতিবাদে কোন আন্দোলন গড়ে ওঠে? ১
খ. মুসলিম লীগের আদর্শ ও উদ্দেশ্যগুলো কী ছিল? ২
গ. উদ্দীপকে দম্পতির এ ধরনের কর্মকাণ্ডের কোন আন্দোলনের প্রভাব লক্ষ করা যায়? ব্যাখ্যা কর। ৩

Teachingbd.com

ঘ. উক্ত আন্দোলনে মুসলমান সমাজ যে প্রভাব ফেলে তা উদ্দীপকের আলোকে মূল্যায়ন কর। ৪

৭.▶




ক. ঢাকায় কখন খিলাফত সভা অনুষ্ঠিত হয়েছিল? ১

খ. খিলাফত ও অসহযোগ আন্দোলনের কারণ ব্যাখ্যা কর। ২

গ. ছকের (?) চিহ্নিত স্থানে যে দুই আন্দোলনের ইঙ্গিত পাওয়া যায় তাদের পারস্পরিক সম্পর্ক নির্ণয় কর। ৩

ঘ. সর্বভারতীয় গণআন্দোলনের হিসেবে এ দুটি আন্দোলনের প্রভাব পর্যালোচনা কর। ৪

৮.▶ আলতাফ সাহেব দক্ষিণ-পশ্চিম অঞ্চলের মেহনতি জনতা তথা কৃষক নেতা। তিনি কৃষকদের ভাগ্য উন্নয়নে শ্রম ও কৃষিপণ্যের ন্যায্য হিস্যার জন্য আন্দোলন করেন। সমিতির মূল লক্ষ্য হলো কৃষকদের স্বার্থ সংশ্লিষ্ট দাবি তুলে ধরা এবং বর্গাচাষীদের মালিকদের নিকট থেকে ন্যায্য হিস্যা আদায় করা।

ক. কংগ্রেস ভারত ছাড় আন্দোলন কত সালে শুরু করে? ১

খ. লাহোর প্রস্তাবের মূল বিষয় কী ছিল? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লেখিত কৃষক সমিতি বাংলার একটি রাজনৈতিক দলের প্রতিচ্ছবি-ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লেখিত আলতাফ সাহেবের কর্মকাণ্ড ইতিহাসে কোন নেতার কর্মাকাণ্ডের সাথে মিল আছে তা ব্যাখ্যা কর। ৪

৯.▶ আলোকে তার দাদি ১৯৭১ সালের ২৫ মার্চের কালোরাত্রির গল্প শোনাতে যেয়ে বললেন, এ রাতে পাকবাহিনী কর্তৃক নিরীহ মানুষের উপর অতর্কিত হামলা হলে এদেশে মুক্তিযুদ্ধ শুরু হয়। মুক্তিযুদ্ধ রূপ লাভ করে সার্বজনীন গণযুদ্ধে। পরবর্তীতে পাকবাহিনীর পরাজয়ের মধ্য দিয়ে যুদ্ধের পরিসমাপ্তি ঘটে। বিশ্বের মানচিত্রে স্বাধীন ও সার্বভৌম দেশ হিসেবে বাংলাদেশ আবির্ভূত হয়।

ক. স্বাধীনতা কী? ১

খ. সর্বজনীন যুদ্ধ বা গণযুদ্ধ বলতে কী বুঝ? ২

গ. আলোর দাদির বক্তব্য অনুসারে মুক্তিযুদ্ধের মাধ্যমে অর্জিত স্বাধীনতার স্বপ্ন বাস্তবায়নে তোমার ভূমিকা কী হওয়া উচিত? ৩

ঘ. ১৯৭১ সালের মুক্তিযুদ্ধের চালিকাশক্তি হিসেবে কোন বিষয়টিকে তুমি সর্বাপেক্ষা বেশি গুরুত্বপূর্ণ বলে মনে কর? ৪

http://teachingbd.com

## বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা : বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট পূর্ণমান — ৪০ বিষয় কোড : ১ ৫ ৩

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. কাকে আধুনিক ইতিহাসের জনক বলা হয়
ক) হেরোডোটাস খ) লিও পোল্ড ফন র‍্যাংকে
গ) টয়েনবী ঘ) ইএইচ কার

২. ফাহিয়েন ও ইৎসিং কোন দেশের পরিব্রাজক?
ক) চীন খ) জাপান
গ) কোরিয়া ঘ) ইতালি

৩. ইতিহাসের অন্যতম বৈশিষ্ট্য হলো—
ক) গবেষণা খ) শুধু অতীত ঘটনাবলি
গ) যুদ্ধের বর্ণনা ঘ) অতীত সংরক্ষণ

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও:**
লীনা ঈদের ছুটিতে মা-বাবার সাথে বরেন্দ্র জাদুঘরে বেড়াতে যায়। যেখানে সে মুদ্রা, শিলালিপি, তাম্রলিপি, শৃঙ্খলিপি ইমারত দেখতে পায়।

৪. লীনা বরেন্দ্র জাদুঘরে ইতিহাসের যে ধরনের উপাদান দেখতে পায়—
i. লিখিত
ii. অলিখিত
iii. প্রত্নতাত্ত্বিক
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৫. লীনা বরেন্দ্র যাদুঘর পরিদর্শন করে জানতে পারবে প্রাচীন বাংলার—
i. সামাজিক ইতিহাস
ii. অর্থনৈতিক ইতিহাস
iii. সাংস্কৃতিক ইতিহাস
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৬. কোন জনপদ থেকে বাঙালি জাতির উৎপত্তি ঘটেছিল।
ক) বরেন্দ্র খ) পুন্ড্র
গ) বঙ্গ ঘ) চন্দ্রদ্বীপ

৭. কত শতক হতে প্রাচীন বাংলার জনপদগুলোর নাম জানা যায়—
ক) ৪র্থ শতক খ) ৫ম শতক
গ) ৭ম শতক ঘ) ৮ম শতক

৮. বাংলার সেন বংশের প্রতিষ্ঠাতা ছিলেন—
i. সামন্ত সেন
ii. হেমন্ত সেন
iii. বল্লাল সেন
নিচের কোনটি সঠিক?
ক) i খ) ii
গ) iii ঘ) i, ii ও iii

৯. ধর্মপাল ভাগলপুরে কি নির্মাণ করেন?
ক) মঠ খ) রাজবাড়ী
গ) ইমারত ঘ) প্রাসাদ

১০. মহীপালের প্রতিষ্ঠিত শহর হলো—
i. মহীগঞ্জ
ii. মহীপুর
iii. মহীসন্তোষ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও:**
'ক' নামক অঞ্চলে এক ধরনের উৎপাদিত পণ্য বিদেশে খুব সমাদৃত হয়েছিল। বর্তমানে তা হারিয়ে গিয়েছে।

১১. 'ক' নামক অঞ্চলের সাথে কোন অঞ্চলের সাদৃশ্য রয়েছে?
ক) বাংলা খ) বিহার
গ) উড়িষ্যা ঘ) আসাম

১২. উদ্দীপকে আলোচিত বিষয়টি কিসের পরিচায়ক?
i. জামদানি শাড়ী
ii. মসলিন শাড়ী
iii. সিল্কের শাড়ী
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii
গ) iii ঘ) i, ii ও iii

১৩. উমা শব্দের অর্থ কি?
ক) দুর্গার অর্চনা খ) পিতার অর্চনা
গ) গুরুর অর্চনা ঘ) ভগবানের অর্চনা

১৪. প্রাচীন বাংলায় পানীয় হিসাবে পরিচিত ছিল—
i. দুধ
ii. ইক্ষুরস
iii. তালরস
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৫. প্রাচীনকালে বিনিময় প্রথা প্রচলিত ছিল—
i. ক্রয়-বিক্রয়
ii. ব্যবসা-বাণিজ্য
iii. আমদানি-রপ্তানি
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৬. হাবশী শাসন মাত্র ছয় বছর স্থায়ী হয়েছিল কেন?
i. শাসন দুর্বল ছিল
ii. রাজ্যে ষড়যন্ত্র হয়েছিল
iii. রাজ্যে বিদ্রোহ ও বিশৃঙ্খলায় পরিপূর্ণ ছিল
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৭. আলাউদ্দীন হুসেন শাহ জয় করেন—
i. ত্রিপুরা
ii. কামরুপ
iii. কামতা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৮. ১৯৬৫ সালে ভারত পাকিস্তানের যুদ্ধ কত দিন স্থায়ী ছিল?
ক) ১১ দিন খ) ১৫ দিন
গ) ১৭ দিন ঘ) ২১ দিন

http://teachingbd.com

১৯. **কদম রসুল কিসের নাম?**
ক) গ্রন্থের নাম খ) বাড়ীর নাম
গ) গোত্রের নাম ঘ) ভবনের নাম

২০. **পরিবিবির মাজার কোথায় অবস্থিত?**
ক) লালবাগ দুর্গে খ) আহসান মঞ্জিলে
গ) ছোট কাটরা ঘ) বড় কাটরা

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ২১, ২২ ও ২৩ নং প্রশ্নের উত্তর দাও:**

আজাদ সাহেব একটি জমকালো প্রাসাদ নির্মাণ করেন, তার প্রাসাদে জ্ঞানীগুণী ব্যক্তিরা আনাগোনা করেন। অত্র এলাকাবাসী ধর্মপরায়ণ ও শিক্ষিত ব্যক্তিগণকে যথেষ্ট শ্রদ্ধা করত এবং এলাকার সমাজসেবীরা শ্রদ্ধা প্রদর্শন হিসাবে ভাতা ও জমি বরাদ্দ করে। তাদের সমাজে খাৎনা, আকিকা ও বিবাহ প্রচলিত ছিল।

২১. **উদ্দীপকের সাথে কোন শাসন আমল সংগতিপূর্ণ—**
ক) মুঘল খ) সুলতানী
গ) মুসলমান ঘ) হিন্দু

২২. **উক্ত সমাজের প্রিয় খাবার ছিল—**
ক) ছোট মাছ খ) ডিম
গ) ডাল ঘ) খিচুড়ি

২৩. **আলোচ্য সমাজের সাথে সংশ্লিষ্ট—**
i. নৌকাবাইচ
ii. হোলি খেলা
iii. উত্তরাধিকার সূত্রে সরকারী পদ
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৪. **পর্তুগীজদের চট্টগ্রাম থেকে বিতাড়িত করেন কে?**
ক) আলীবর্দী খান খ) শায়েস্তা খান
গ) মুর্শিদকুলী খান ঘ) সরফরাজ খান

২৫. **ফরাসিরা সর্বপ্রথম কোথায় কুঠি স্থাপন করেন?**
ক) কলিকাতা খ) পান্ডিচেরী
গ) সুরাট ঘ) চন্দন নগর

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও:**

কালাম সাহেবের গ্রামের লোকেরা একটি নির্দিষ্ট সময়ে গ্রামের চেয়ারম্যানকে খাজনা দেয়। এ ধরনের প্রথার কারণে একসময় গ্রামের বড় বড় কৃষকদের জীবন অতিষ্ঠ হয়ে পড়ে।

২৬. **উদ্দীপকে কোন বিষয় ফুটে উঠেছে?**
ক) সূর্যাস্ত আইন খ) ইজারা প্রথা
গ) প্রজাস্বত্ব আইন ঘ) বাণিজ্য প্রথা

২৭. **কালাম সাহেবের গ্রামবাসীর সাথে সাদৃশ্য রয়েছে—**
ক) বড় বড় জমিদারদের খ) ক্ষুদ্র জমিদারদের
গ) সাধারণ জনগণ ঘ) কৃষকদের

২৮. **ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর কোথায় জন্মগ্রহণ করেন?**
ক) আসাম খ) মিজোরাম
গ) মেদিনীপুর ঘ) চুরুলিয়া

২৯. **ফরায়েজী আন্দোলনের প্রতিষ্ঠাতা কে?**
ক) হাজী ইকরাম উল্লাহ খ) দুদু মিয়া
গ) হাজী শরীয়ত উল্লাহ ঘ) বাকী বিল্লাহ

৩০. **ব্রিটেনে নীলের চাহিদা বৃদ্ধি পায়—**
i. শিল্পের উন্নতির জন্য
ii. কাপড় রং করার জন্য
iii. রপ্তানি করার জন্য
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩১. **বঙ্গভঙ্গের কারণ হিসাবে গ্রহণযোগ্যতা—**
i. প্রশাসনিক কারণ
ii. অর্থনৈতিক কারণ
iii. রাজনৈতিক কারণ
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩২. **বয়কট আন্দোলনের প্রধান উদ্দেশ্য ছিল—**
i. দেশকে মুক্ত করা
ii. বিলেতি পণ্য বর্জন
iii. বিলেতি শিক্ষা বর্জন
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

৩৩. **কখন ইংরেজ শাসনের অবসান ঘটে?**
ক) ১৯৪৫ সালে খ) ১৯৪৬ সালে
গ) ১৯৪৭ সালে ঘ) ১৯৪৮ সালে

৩৪. **কেন্দ্রীয় শহীদ মিনারের স্থপতি কে?**
ক) কামরুল হাসান খ) হামিদুর রহমান
গ) মইনুল হোসেন ঘ) জলিল পাশা

৩৫. **একটি রাষ্ট্রের সর্বোচ্চ আইন কি?**
ক) আদালত খ) সংবিধান
গ) জাতীয় সংসদ ঘ) বিবেক

৩৬. **২১ ফেব্রুয়ারীকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসাবে ঘোষণা করা হয় কখন?**
ক) ১৯৯৬ সালে খ) ১৯৯৭ সালে
গ) ১৯৯৮ সালে ঘ) ১৯৯৯ সালে

৩৭. **ভারত পাকিস্তানের মধ্যে যুদ্ধ বিরতি স্বাক্ষরিত হয়—**
ক) লাহোর খ) করাচিতে
গ) তাসখন্দ ঘ) দিল্লীতে

৩৮. **সোহরাওয়ার্দী ইন্তেকাল করেন—**
ক) ১৯৬০ সালে খ) ১৯৬৩ সালে
গ) ১৯৬৪ সালে ঘ) ১৯৬৭ সালে

৩৯. বাংলাদেশের পতাকা কত তারিখে প্রথম উত্তোলন করা হয়?
ক) **২ মার্চ** খ) ৩ মার্চ
গ) ৪ মার্চ ঘ) ৫ মার্চ

৪০. **কোন দেশকে দুইটি মহাদেশ ঘিরে রেখেছে?**
ক) ইরান খ) ইরাক
গ) তুরস্ক ঘ) মিসর

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | খ | ২ | ক | ৩ | ঘ | ৪ | গ | ৫ | ঘ | ৬ | গ | ৭ | ক | ৮ | ক | ৯ | ক | ১০ | ঘ | ১১ | ক | ১২ | খ | ১৩ | ক | ১৪ | ঘ | ১৫ | ঘ | ১৬ | ঘ | ১৭ | গ | ১৮ | গ | ১৯ | ঘ | ২০ | ক |
| | ২১ | গ | ২২ | ঘ | ২৩ | খ | ২৪ | খ | ২৫ | খ | ২৬ | ক | ২৭ | ঘ | ২৮ | গ | ২৯ | গ | ৩০ | ক | ৩১ | ঘ | ৩২ | ক | ৩৩ | গ | ৩৪ | খ | ৩৫ | খ | ৩৬ | ঘ | ৩৭ | গ | ৩৮ | ঘ | ৩৯ | ক | ৪০ | গ |

http://teachingbd.com